

## ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য :

- (ক) মেধা তালিকাভুক্ত (সাধারণ, মুক্তিযোদ্ধা কোটা এবং উপজাতীয় কোটা) প্রার্থীদেরকে আগামী ২৮ নভেম্বর ২০১৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে সশরিরে উপস্থিত হয়ে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।
- (খ) মেধা তালিকা থেকে ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন শূন্য থাকলে মেধা ও প্রদত্ত অপশন অনুযায়ী অটোমাইগ্রেশন সম্পন্ন করে শূন্য আসনের তালিকা আগামী ০৪ ডিসেম্বর ২০১৬ তারিখে বাক্বি ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- (গ) অপেক্ষমান তালিকাভুক্ত (সাধারণ, মুক্তিযোদ্ধা কোটা এবং উপজাতীয় কোটা) প্রার্থীদেরকে আগামী ০৭ ডিসেম্বর ২০১৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৪:০০ টার মধ্যে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে সশরিরে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে। ঐদিন রাত ০৮:০০ টার মধ্যে রিপোর্টকৃত প্রার্থীদের মধ্য থেকে মেধাভিত্তিতে ফলাফল প্রকাশ করা হবে। আগামী ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৫:০০ টার মধ্যে সশরিরে উপস্থিত হয়ে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।
- (ঘ) অপেক্ষমান তালিকা থেকে ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন শূন্য থাকলে মেধা ও প্রদত্ত অপশন অনুযায়ী অটোমাইগ্রেশন সম্পন্ন করে শূন্য আসনের তালিকা আগামী ২০ ডিসেম্বর ২০১৬ তারিখে বাক্বি ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- (ঙ) পূর্বে রিপোর্টকৃত অপেক্ষমান তালিকাভুক্ত (সাধারণ, মুক্তিযোদ্ধা কোটা এবং উপজাতীয় কোটা) প্রার্থীদেরকে আগামী ২১ ডিসেম্বর ২০১৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টার মধ্যে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে সশরিরে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে। ঐদিন সন্ধ্যা ০৬:০০ টার মধ্যে রিপোর্টকৃত প্রার্থীদের মধ্য থেকে মেধাভিত্তিতে ফলাফল প্রকাশ করা হবে। আগামী ২২ ডিসেম্বর ২০১৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে সশরিরে উপস্থিত হয়ে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।
- (চ) ভর্তির সময় প্রার্থীদেরকে -
- ভর্তি পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশপত্র সংগে আনতে হবে।
  - বাক্বি ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম এবং এসএসসি ও এইচএসসি-র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, এইচএসসি-র মূল প্রশংসাপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজের ফটো জমা দিতে হবে।

### সংরক্ষিত আসনের জন্য-(উপরিলিখিত কাগজপত্র ছাড়াও)

- মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
  - মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।
  - বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।
- (ছ) ভর্তির জন্য করণীয় -
- প্রশাসন ভবন সংলগ্ন আমতলায় স্থাপিত 'বাঁধন' এর বুথে সশরিরে উপস্থিত থেকে ব্লাড গ্রুপিং টেস্ট করতঃ রিপোর্ট সংগ্রহ করা।
  - শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত মেডিক্যাল বোর্ড-এ স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা এবং মেডিক্যাল ফরমে টাফ মেডিক্যাল অফিসার মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করা।
  - সংশ্লিষ্ট অনুষ্ঠানের ডীন অফিস-এ ডীন মহোদয়ের নিকট মূল কাগজপত্র প্রদর্শন করে ভর্তি ফরমে ডীন মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করা।
  - টিএসসি কনফারেন্স রুমে লটারীর মাধ্যমে হল নির্ধারণের পর ভর্তি ফরমে প্রক্টর মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করা।
  - টিএসসি কনফারেন্স রুমে হল এর জন্য নির্ধারিত ফি ৮৮০.০০ টাকা নগদ জমা দিয়ে ভর্তি ফরমে প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করা।
  - শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত বুথে মূল কাগজপত্র ('চ' নং এ উল্লিখিত) জমা দিয়ে ভর্তি ফরমে রেজিস্ট্রার মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করা।
  - শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্থাপিত হিসাব শাখার নির্ধারিত বুথে ভর্তি ও আনুষঙ্গিক ফি বাবদ সর্বমোট ৫,৩৩৪.০০ (পাঁচ হাজার তিনশত চৌত্রিশ) নগদ এবং ভর্তি ফরম জমা দেওয়া। ফি গুলো নিম্নরূপঃ
    - ভর্তি ফি : ৫,১০৪.০০ টাকা (লেভেল-১, সিমেন্টার-১ এর সিমেন্টার ফি ১২০০/- সহ),
    - স্বাস্থ্য পরীক্ষা ফি : ১৩০.০০ টাকা,

- রেজিস্ট্রেশন ফি : ১০০.০০ টাকা।

(জ) কেন্দ্রীয় ওরিয়েন্টেশন আগামী ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখ সকাল ১০:৩০ মিনিটে শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে অনুষ্ঠিত হবে। ডীন মহোদয়গণ অনুষদ ভিত্তিক এবং প্রভোস্ট মহোদয়গণ হল ভিত্তিক ওরিয়েন্টেশনের তারিখ ও সময় নির্ধারণ করবেন।

(ঝ) আগামী ০১ জানুয়ারি ২০১৭ তারিখ থেকে নিয়মিতভাবে ক্লাশ শুরু হবে।

(ঞ) **ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য :**

- i. প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- ii. ক্লাশ শুরুর প্রথম ১৫ দিন ক্লাশ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- iii. ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- iv. ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।